

আগন্তুক

শশীতারাহীনা, তিমিরময় নিবিড় আঁধারে,
কোন অজানার ধেয়ান জাগিল মন-মাঝারে?
আগন্তুক আমি, প্রতিক্ষার দুটি আঁখি মেলে;
উনুখ, উদগ্রীব হ'য়ে প্রহর গুনেছি বিরলে-
মাতৃ-গর্ভে বিজনে আমারি অপেক্ষালয়ে-
জীবনের মহাযাত্রা শুরু লগ্ন পানে চেয়ে

সূর্যমুখী যেমন চেয়ে রয় সূর্যেরই আশায়.
হেরিতে মম মাতৃ-মুখ সাধ জাগে এ হিয়ায়
শোভাময়ী ধরার আলোকে অমৃতনির্ঝরে;
সৌন্দর্যপ্রতিমা - আমার মায়ের মূর্তি হেরে
নিবিড় বন্ধন সুখ বাঁধিবে এই গ্রহে মোরে
তাই, হেথা আগমনের প্রদীপ জ্বালি অন্তরে

রাশিদা ইসলাম

Stranger

No moon, no stars in the deep dense dark,
What mysterious reflection wakes in me ?
I am a stranger, waiting for my eyes to open,
absorbed and anxious, I have counted lonely hours
Alone in my mother's womb - my own waiting room -
Waiting for a zodiac sign to tell me my life's moves.

As the sunflower lifts its head for the sun to shine
so my heart longs to see my mother's face.
Flooded by the earth's radiant light
I will see my mother—a vision of beauty !
A growing cord of joy draws me into this world.
Within myself, I light the lamp of arrival.

Rashida Islam

translated from Bengali by Debjani Chatterjee

The poet David Hart commissioned this poem as part of a collection of fifty by different UK poets, each about waiting. The poems are for display in waiting rooms.

Poems for...waiting

<https://poemsforthewall.org>

